সিনিয়র ... কার্যালয়
প্রাপ্তি নং ৪৫৭ ২৩/১২/১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ
আগারগাঁও, ঢাকা।
WWW.NIDW.GOV.BD

স্মারক নং- ১৭.০০.০০০০.০৭৩.১৬.০১৫.১৯-৯৯

তারিখঃ ১৯ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ

বিষয়ঃ জাতীয় পরিচয়পত্রের অনলাইন ভেরিফাইড কপি প্রদানে জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) অনুসরণ সংক্রান্ত।

সূত্রঃ আইডিইএ/এইচ আর/০৪৫/২০১৯/৩৪২৬, তারিখঃ ২১ অক্টোবর ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী উপজেলা/থানা নির্বাচন অফিসসহ সংশ্লিষ্ট অন্যান্য নির্বাচন কার্যালয় থেকে জাতীয় পরিচয় পত্রের অনলাইন ভেরিফাইড কপি প্রদানের ভিন্ন ভিন্ন পদ্ধতি অনুসরণ করায় অনাকাঙ্খিত পরিস্থিতির উদ্ভব হচ্ছে এবং বর্ণিত অনলাইন কপি সকল ক্ষেত্রে নাগরিকদের চাহিদা পূরণে সক্ষম নয় মর্মে "১০৫" এ নাগরিকদের অভিযোগ পাওয়া যাচ্ছে।

০২। এমতাবস্থায়, নাগরিকগণকে জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাই ও ভেরিফাইড অনলাইন কপি প্রদানের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪ অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে আদিষ্ট হয়ে অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।

(ফারজানা রহমান)
সহকারী পরিচালক (বাজেট)
ফোনঃ ০২-৫৫০০৭৫৮৬

প্রাপকঃ

১) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ---------------------(সকল)।
২) জেলা নির্বাচন কর্মকর্তা ------------------------(সকল)।
৩) উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা-----------------(সকল)।

স্মারক নং- ১৭.০০.০০০০.০৭৩.১৬.০১৫.১৯-৯৯

তারিখঃ ১৯ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

১) অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২) মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৩) যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪) মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৫) সিস্টেম ম্যানেজার (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৬) সিনিয়র মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৭) উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৮) উপপ্রধান, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৯) পরিচালক (সকল, এনআইডি অনুবিভাগ)/পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১০) সিস্টেম এনালিস্ট (সকল, এনআইডি অনুবিভাগসহ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১১) সিনিয়র সহকারী সচিব (সকল)/সিনিয়র সহকারী প্রধান/উপপরিচালক (সকল, এনআইডি অনুবিভাগ)/সহকারী সচিব (সকল)/সহকারী পরিচালক (জনসংযোগ)/সহকারী পরিচালক (সকল, এনআইডি অনুবিভাগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১২) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল, এনআইডি অনুবিভাগ)/লাইব্রেরিয়ান, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৩) মেইনটেনেন্স ইঞ্জিনিয়াব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

(ফারজানা রহমান)
সহকারী পরিচালক (বাজেট)

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১০, ২০১৪

নির্বাচন কমিশন
বাংলাদেশ

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ ভাদ্র ১৪২১ বঙ্গাব্দ/১০ সেপ্টেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২২৯-আইন/২০১৪।—জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩ নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, ধারা ৮, ধারা ১৩ এর উপ-ধারা (৩) এবং ধারা ১৩ক এর সহিত পঠিতব্য, নির্বাচন কমিশন নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

## প্রথম অধ্যায়

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই প্রবিধানমালা জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪ নামে অভিহিত হইবে;

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(১) **"আইন"** অর্থ জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩ নং আইন);

(২) **"কমিশন"** অর্থ সংবিধানের অনুচ্ছেদ ১১৮ এর অধীন প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন;

(৩) **"জাতীয় পরিচয়পত্র"** অর্থ আইনের ধারা ২ এর দফা (২) এ সংজ্ঞায়িত জাতীয় পরিচয়পত্র;

(৪) **"তথ্য-উপাত্ত"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৪) এর অধীন জাতীয় পরিচয় নিবন্ধনের উদ্দেশ্যে ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন) অনুযায়ী ভোটার তালিকা প্রণয়ন, সংশোধন বা হালনাগাদকরণ কালে সংগৃহীত তথ্য-উপাত্ত বা কোনো নাগরিকের নিকট হইতে সংগৃহীত এক বা একাধিক তথ্য-উপাত্ত এবং উক্ত নাগরিকের বায়োমেট্রিকস ফিচারও ইহার অন্তর্ভুক্ত হইবে;



মূল্য ঃ টাকা ২৪.০০

(৫) উপ-প্রবিধান (৪) এ উল্লিখিত সার্ভিস চার্জ এবং প্রথম বৎসরের বার্ষিক সেবা চার্জ প্রাপ্তির পর কমিশন আবেদনকারীকে অর্থ প্রাপ্তি স্বীকারপত্র প্রেরণ করিবে এবং কমিশনের সহিত চুক্তি সম্পাদনের জন্য অনুরোধ জানাইবে।

(৬) উপ-প্রবিধান (৫) এ উল্লিখিত চুক্তি সম্পাদনের পর কমিশন আবেদনকারী সংস্থা বা কর্তৃপক্ষকে চাহিত তথ্য-উপাত্ত সরবরাহ করিবে।

(৭) চুক্তি সম্পাদনকারী সংস্থা বা কর্তৃপক্ষ প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৫ এর দফা (খ) ও (গ) অনুসারে প্রতি বৎসরের জন্য বার্ষিক সেবা নবায়ন চার্জ এবং প্রতিটি তথ্য-উপাত্ত প্রতিবার সরবরাহের জন্য সরবরাহ চার্জ পরিশোধ করিবে।

১০। **কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট তথ্য-উপাত্ত সরবরাহ** ।—(১) কমিশনের নিকট সংরক্ষিত তথ্য-উপাত্ত প্রাপ্তির জন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৬ এ উল্লিখিত ফি পরিশোধপূর্বক ফরম-৬ অনুসারে কমিশনে সরাসরি অথবা ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত আবেদনের যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট হইলে কমিশন প্রার্থিত তথ্য-উপাত্তের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরাসরি অথবা উহার PDF Copy ইলেক্ট্রনিক পদ্ধতিতে সরবরাহ করিবে।

১১। **চার্জ, ফি, ইত্যাদি**।—(১) তথ্য-উপাত্ত সংশোধন, তথ্য যাচাই এবং তথ্য-উপাত্ত সরবরাহ ফি বা, প্রযোজ্য ক্ষেত্রে, চার্জ হইবে নিম্নরূপ, যথা :—

| ক্রমিক | কার্যসমূহ | প্রদেয় ফি/চার্জ (টাকায়) |
|---|---|---|
| ১. | **জাতীয় পরিচয়পত্র সংশোধন** | |
| | (ক) প্রথম বার আবেদন | ২ (দুই) শত |
| | (খ) দ্বিতীয় বার আবেদন | ৩ (তিন) শত |
| | (গ) পরবর্তী যে কোনো বার আবেদন | ৪ (চার) শত |
| ২. | **তথ্য-উপাত্ত সংশোধন** | |
| | (ক) প্রথম বার আবেদন | ১ (এক) শত |
| | (খ) দ্বিতীয় বার আবেদন | ২ (দুই) শত |
| | (গ) পরবর্তী যে কোনো বার আবেদন | ৩ (তিন) শত |

| ক্রমিক | কার্যসমূহ | প্রদেয় ফি/চার্জ (টাকায়) |
|---|---|---|
| ৩. | নিবন্ধনের মাধ্যমে তথ্য যাচাই | |
| | (ক) এককালীন নিবন্ধন চার্জ | ৫ (পাঁচ) লক্ষ |
| | (খ) সাব ইউজার চার্জ/নবায়ন চার্জ ঃ বার্ষিক সাব ইউজার চার্জ/নবায়ন চার্জ— | |
| | (অ) প্রথম ৭০ (সত্তর)টি সাব ইউজারের প্রতিটির জন্য | ৪ (চার) হাজার |
| | (আ) প্রথম ৭০ (সত্তর)টির পরবর্তী প্রতিটি সাব ইউজারের জন্য | ২ (দুই) হাজার |
| | (গ) যাচাইকরণ চার্জ ঃ প্রতিটি তথ্য প্রতিবার যাচাইয়ের জন্য | ২ (দুই) |
| | (ঘ) বিলম্ব চার্জ ঃ যাচাইকরণ চার্জের বিল প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে পরিশোধে ব্যর্থতার কারণে বিলম্ব চার্জ | মোট বিলের ০.৫% |
| | (ঙ) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সেবা বা সুবিধা প্রদানের অপারগতার কারণে সংক্ষুব্ধ আবেদনকারী কর্তৃক প্রদত্ত সার্ভিস চার্জ | ১ (এক) শত |
| ৪. | ব্যক্তি কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাইয়ের আবেদনের ক্ষেত্রে সার্ভিস চার্জ | ১ (এক) শত |
| ৫. | সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষকে তথ্য-উপাত্ত সরবরাহের ক্ষেত্রে— | |
| | (ক) এককালীন সার্ভিস চার্জ | ৫ (পাঁচ) লক্ষ |
| | (খ) বার্ষিক সেবা চার্জ/বার্ষিক সেবা নবায়ন চার্জ | ১ (এক) লক্ষ |
| | (গ) প্রতিটি তথ্য-উপাত্ত প্রতিবার সরবরাহের জন্য সরবরাহ চার্জ | ১ (এক) |
| ৬. | কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক তথ্য-উপাত্ত সরবরাহের আবেদন ফি | ২ (দুই) শত |

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত ফি বা, প্রযোজ্য ক্ষেত্রে, চার্জ "সচিব, নির্বাচন কমিশন" এর অনুকূলে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অথবা কমিশন কর্তৃক নির্দিষ্টকৃত নম্বরে মোবাইল ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

১২। **ফি, চার্জ ইত্যাদি সরকারি হিসাবে জমা প্রদান।**—কমিশন প্রবিধান ১১ তে উল্লিখিত ফি, চার্জ ইত্যাদি প্রাপ্তির তারিখ হইতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে উহা সরকারি হিসাবে জমা করিবে।

| | | | |
|---|---|---|---|
| ১৫। | কমিশনে সংরক্ষিত তথ্য-উপাত্ত প্রাপ্তির উদ্দেশ্য, গুরুত্ব ও যৌক্তিকতা (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করুন) | : | |
| ১৬। | প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৫ এর দফা (২) এ উল্লিখিত ফি ও উহাতে বর্ণিত পদ্ধতি অনুসারে জমাদানের পর উহার রশিদ সংযুক্ত করিতে হইবে। | : | |

----------------------------

আইনানুগ অভিভাবকের স্বাক্ষর/টিপসহি (প্রযোজ্য ক্ষেত্রে)
নামঃ
ঠিকানাঃ
মোবাইল নম্বর ঃ
ই-মেইল (যদি থাকে) ঃ

----------------------------

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
নামঃ
ঠিকানাঃ
মোবাইল নম্বরঃ
ই-মেইল (যদি থাকে) ঃ

<u>আবেদনকারীর জন্য নির্দেশাবলী</u>

(১) কমিশনের ওয়েবসাইটে প্রবেশের পর মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা ব্যবহার করিয়া নিজস্ব ইউজার একাউন্ট খুলিতে হইবে।

(২) সংরক্ষিত তথ্য-উপাত্তে সংরক্ষিত মোবাইল নম্বরের সহিত ব্যবহৃত মোবাইল নম্বর একই না হইলে ইউজার একাউন্ট দেখা যাইবে না।

(৩) প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৫ এর দফা (২) এ উল্লিখিত সার্ভিস চার্জ উহাতে বর্ণিত পদ্ধতি অনুসারে পরিশোধ করিয়া কোড নম্বর নির্দিষ্ট ঘরে পূরণ করিতে হইবে এবং জাতীয় পরিচয়পত্রের স্ক্যানকৃত কপি সংযুক্ত করিতে হইবে।

(৪) যথাযথভাবে আবেদনপত্র দাখিল করিবার পর সংশ্লিষ্ট আবেদনকারীর মোবাইল নম্বর/ই-মেইল ঠিকানায় স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্তিস্বীকারপত্র প্রেরিত হইবে।

(৫) আবেদনপত্র প্রাপ্তির পর কমিশন আবেদনের যথার্থতা ও ফি পরিশোধ সম্পর্কে নিশ্চিত হইয়া নির্ধারিত ছকে প্রার্থিত তথ্য-উপাত্তের অনুলিপি আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে সরাসরি অথবা উহার PDF copy ইলেকট্রনিক পদ্ধতিতে সরবরাহ করিবে।

(৬) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ মোখলেসুর রহমান**
অতিরিক্ত সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd